



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ফাজিল (স্নাতক) পাস, ফাজিল অনার্স, কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব এবং কামিল মাস্টার্স
পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য নির্দেশনাবলি

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় (ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য বিশ্ববিদ্যালয়) এর অলিখিত উত্তরপত্র ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা যাবে না। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় এর অলিখিত উত্তরপত্র ভুলক্রমে পরীক্ষা কেন্দ্রে সরবরাহ হয়ে থাকলে বিষয়টি তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে অবহিত করতে হবে।
- যে সকল মূল উত্তরপত্রে O.M.R সিরিয়াল নম্বর উল্লেখ নেই সেইসকল উত্তরপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করা যাবে না। পরীক্ষা কমিটি এবং হল পরিদর্শক এ বিষয়টি যাচাই করে পরীক্ষার্থীর মধ্যে উত্তরপত্র বিতরণ করবেন। O.M.R এর লিখু কোডের স্থানে কোন রকম দাগ দেয়া ও বৃত্ত ভরাট করা যাবে না।
- মূল উত্তরপত্রে O.M.R এর পরীক্ষার্থীর অংশে পরীক্ষার্থীর নাম, পরীক্ষা কোড, বিষয় কোড, রেজিস্ট্রেশন নম্বর, প্রশ্নপত্রের কোড সঠিকভাবে লিখা এবং বৃত্ত ভরাট সঠিক হয়েছে কিনা তা যাচাই করে কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর স্বাক্ষরলিপিতে পরীক্ষা কেন্দ্রের নাম, পরীক্ষা কেন্দ্র কোড, পরীক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ, পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ, বিষয়ের নাম, বিষয় কোড, মূল উত্তরপত্রের কভার পৃষ্ঠার O.M.R এর ক্রমিক নম্বর এবং ছাত্র-ছাত্রীর স্বাক্ষর আছে কিনা তা যাচাই করার পর কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন।
- পরীক্ষা শেষ হওয়ার পর বিষয় কোড আলাদা করে ৫০টি করে উত্তরপত্র বাডেল করতে হবে।
- বাডেলের সময় করোগেটেড বোর্ড দিয়ে উত্তরপত্রগুলো সুতা দিয়ে বাঁধতে হবে। উত্তরপত্রের সংখ্যা ৫০টির কম হলেও একই বাডেলে একাধিক বিষয় কোডের উত্তরপত্র কোন অবস্থাতেই পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে পাঠানো যাবে না। উত্তরপত্রগুলো প্যাকেট করার পর নিম্নবর্ণিত নমুনা/ছক অনুসরণ করে পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর নিকট বীমাকৃত পার্সেলে ডাকযোগে প্রেরণ করতে হবে।
- ফাজিল (স্নাতক) পাস-এর উত্তরপত্র এবং O.M.R গুলো সাদা খাকি (Off white) কাপড়ে;
ফাজিল অনার্স এর উত্তরপত্র এবং O.M.R গুলো লাল কাপড়ে;
কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্বের উত্তরপত্র এবং O.M.R গুলো হলুদ কাপড়ে;
কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষার উত্তরপত্র এবং O.M.R গুলো সবুজ কাপড়ে প্যাকেট করে নিম্নবর্ণিত ছক মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাতে হবে।
- একটি করোগেটেড বক্সে সর্বোচ্চ ২০০টি O.M.R দেয়া যাবে। O.M.R প্যাকেট করার সময় করোগেটেড বক্সের ভিতর এবং উপরে অবশ্যই টপশীটের ফটোকপি দিতে হবে, এরপর কাপড় দিয়ে সেলাই এবং সিলগালা অবস্থায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রেরণ হবে।

মূল উত্তরপত্র প্রেরণের নমুনা

প্রেরক		প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা		
পরীক্ষা কেন্দ্রের নাম		
পরীক্ষার নাম ও সাল		
পরীক্ষা কেন্দ্র কোড		
বিষয় কোড		
প্রশ্ন কোড		
উত্তরপত্রের সংখ্যা		
পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ		পরীক্ষা নিয়ন্ত্রক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ভবন ওয়েস্ট ধানমন্ডি, বছিলা মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

O.M.R প্রেরণের নমুনা

প্রেরক		প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা		
পরীক্ষা কেন্দ্রের নাম		
পরীক্ষার নাম ও সাল		
পরীক্ষা কেন্দ্র কোড		
বিষয় কোড		
প্রশ্ন কোড		
উত্তরপত্রের সংখ্যা		
পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ		আইসিটি বিভাগ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ভবন ওয়েস্ট ধানমন্ডি, বছিলা মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

উল্লিখিত নির্দেশনাবলি অবশ্যই পালন করতে হবে। অন্যথায় কেন্দ্রের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।